রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জানুয়ারি ২৫, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/ ২৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.২২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন :**

| ক্রমিক | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| (১) | জনাব আ, ক, ম, মোজাম্মেল হক, এমপি<br>মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (২) | জনাব ওবায়দুল কাদের, এমপি<br>মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | জনাব আনিসুল হক, এমপি<br>মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |



মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (৫) | জনাব আসাদুজ্জামান খান, এমপি<br>মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | জনাব মুহাম্মদ ফারুক খান, এমপি<br>মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | ডা: সামন্ত লাল সেন<br>মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | জনাব ফরহাদ হোসেন, এমপি<br>মন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | জনাব মহিবুল হাসান চৌধুরী, এমপি<br>মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১১) | জনাব খালিদ মাহ্‌মুদ চৌধুরী, এমপি<br>প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | জনাব মোহাম্মদ আলী আরাফাত, এমপি<br>প্রতিমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) | জনাব শফিকুর রহমান চৌধুরী, এমপি<br>প্রতিমন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ :**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, জননিরাপত্তা বিভাগ

(৪) সচিব, সুরক্ষা সেবা বিভাগ

(৫) চিফ অব জেনারেল স্টাফ, সেনাসদর

(৬) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ

(৭) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ

(৮) মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড

(৯) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই)

(১০) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)

(১১) মহাপরিচালক, আনসার ও ভিডিপি

(১২) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)

(১৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

(১৪) মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(গ) **কমিটির কার্যপরিধি:**

(১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পরিবীক্ষণ ও পর্যালোচনা;

(২) আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণ পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণ এবং এগুলো দূরীকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(৩) হরতাল, অবরোধ, ধর্মঘট ও জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী অন্যান্য ঘটনা প্রতিরোধ এবং এর ফলে জনজীবনে সৃষ্ট দুর্ভোগ ও অচলাবস্থা নিরসনের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসমূহের করণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান; এবং

(৪) উপর্যুক্ত বিষয়াবলির সঙ্গে সম্পর্কিত অন্য যে কোনো বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান।

(ঘ) জননিরাপত্তা বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঙ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২১ জানুয়ারি ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১. ০৬.০০১.২৪.১৪ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

(চ) এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সাঈদ মাহবুব খান)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd